দৈনিক ইত্তেফাক

তারিখ ... 27 MAY 1995 ..
পৃষ্ঠা ... কলাম ...

## রাজশাহী বিআইটি বন্ধ ঘোষণা

রাজশাহী অফিস ॥ বাংলাদেশ ইন্সটিটিউট অব টেকনোলজি (বিআইটি), রাজশাহী গতকাল শুক্রবার আট দিনের জন্য বন্ধ ঘোষণা করা হইয়াছে। ছাত্রদের অবিলম্বে হল ত্যাগের নির্দেশ দেওয়া হইয়াছে।

গত কয়েকদিন ধরিয়া বিআইটিতে একটি ছাত্র সংগঠনের দুইটি গ্রুপের মধ্যে বিবাদ চলিয়া আসিতেছিল। তাহাদের মধ্যে কয়েক দফা সংঘর্ষে সাতজন আহত হয়। গুরুতর আহত একজনকে মেডিকেল কলেজ হাসপাতালে ভর্তি করা হইয়াছে। পুলিশ একটি হল তল্লাশী করিয়া একটি কাটা রাইফেল উদ্ধার করে। গতকাল ছাত্রদের মধ্যে উত্তেজনা বিরাজ করায় কর্তৃপক্ষ ৩রা জুন পর্যন্ত বিআইটি বন্ধ ঘোষণা করেন।